

২০১৯-২০ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রমে অন-লাইনে

শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর আওতাধীন সারা দেশে ১৮(আঠার) টি সরকারী কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সমূহে ৪(চার) বছর মেয়াদি “ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার” শিক্ষাক্রমে ২০১৯-২০ শিক্ষা বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইন এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তির আবেদন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) দাখিল করতে হবে।

ক) ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার (৪ বছর মেয়াদী) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতাঃ


২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি(ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা অথবা ‘ও’ লেভেলে যেকোন একটি বিষয়ে ‘সি’ গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম ‘ডি’ গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯ -২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) ভর্তি কার্যক্রমের সময়সূচী :

অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে)	ফলাফল প্রকাশ (এসএমএস এর মাধ্যমে ও ওয়েবসাইটে)	ভর্তির সময়সীমা		ক্লাশ শুরুর তারিখ
		মূল মেধা তালিকা হতে	অপেক্ষমান(মেধাক্রম) তালিকা হতে (আসন শূন্য থাকা সাপেক্ষে)	
১২/০৫/২০১৯ হতে ০৮/০৬/২০১৯ (রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত)	১৫/০৬/২০১৯	১৬/০৬/২০১৯ হতে ২৫/০৬/২০১৯ (রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত)	২৯/০৬/২০১৯ হতে ২৫/০৭/২০১৯	০১/০৮/২০১৯

গ) ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

- প্রার্থী নির্বাচনে কোন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না, কেবলমাত্র এসএসসি ও দাখিল/এসএসসি(ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) ও ‘ও’ লেভেল সহ সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- ভর্তির জন্য কারিগরি শিক্ষা বোর্ডের ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) ওয়েব সাইটের মাধ্যমে Web Link: [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) থেকে অন-লাইনে আবেদন করতে হবে।
- অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে জমাদান সাপেক্ষে আবেদন করা যাবে।
- সরকারী ডিপ্লোমা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ২৩৮/- (দুইশত আটত্রিশ) টাকা রকেট/শিওরক্যাশ/বিকাশ এর মাধ্যমে প্রদান সাপেক্ষে ভর্তি নিশ্চয়ন/রেজিস্ট্রেশন করতে হবে।
- ডিপ্লোমা ইন এগ্রিকালচার এর ক্ষেত্রে সরকার নির্ধারিত ভর্তি সংক্রান্ত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- এসএসসি পাশ/সমমানের পরীক্ষার প্রাপ্ত নম্বরের মেধাভিত্তিতে এবং সকল জেলাসমূহ থেকে ভর্তির জন্য প্রার্থী বাছাই করা হবে। অন-লাইনে আবেদনের ক্ষেত্রে সকল সরকারী এটিআই সমূহ (১৮টি) হতে পছন্দক্রম অনুযায়ী (১০টি) ধারাবাহিকভাবে নির্বাচন/নির্ধারণ করতে হবে।
- ভর্তির সময় প্রার্থীর ৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি, মূল মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, নাগরিকত্ব সনদ, কোটায় ভর্তির স্বপক্ষে প্রয়োজনীয় সনদ দাখিল সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

  
( কিংকর চন্দ্র দাস )

পরিচালক  
প্রশিক্ষণ উইং

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

e-mail: [twdae@hotmail.com](mailto:twdae@hotmail.com)